দৈনিক বাংলা

তারিখ 11 NOV 1992
পৃষ্ঠা ৪ কলাম ৫

৩১

## শিক্ষা মন্ত্রণালয় সমীপে

পটুয়াখালী জেলার কয়েকটি নিম্ন-মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে রূপান্তরের আবেদনের পরিপ্রেক্ষিতে যশোর বোর্ড কর্তৃপক্ষ উপ-পরিচালক, বরিশাল অঞ্চল, বরিশাল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার পটুয়াখালীকে নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনের নির্দেশ দেন। উক্ত কর্মকর্তাগণ বিদ্যালয়সমূহ পরিদর্শন করে যথারীতি রিপোর্ট পেশ করেন। কিন্তু রিপোর্ট প্রাপ্তির পরে বোর্ড কর্তৃপক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ নং-শা-৪-১-৩২-৮৮-৫২৪ শিক্ষা এর নীতিমালা ৬(ক) যাতে উল্লেখ আছে 'কোন প্রতিষ্ঠাতা/ দাতা/তাহার বা তাহার মনোনীত ব্যক্তির নামে কোন মাধ্যমিক বিদ্যালয়ের নামকরণ বা পরিবর্তন করিতে চাহিলে ১০ (দশ) লক্ষ টাকা উক্ত প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে।' এর অজুহাতে উক্ত বিদ্যালয়-সমূহকে স্বীকৃতি প্রদানে বিরত আছেন। কিন্তু এই নির্দেশমালা কোন প্রকারেই পূর্বে প্রতিষ্ঠিত কোন নিম্নমাধ্যমিক অথবা মাধ্যমিক বিদ্যালয়ের নামকরণের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে না। যশোর বোর্ডের এই খামখেয়ালীর জন্য অনেক ছাত্র-ছাত্রীর চলতি বৎসরে পরীক্ষা দেয়া অনিশ্চিত হয়ে পড়েছে। এই ব্যাপারে আমরা শিক্ষা মন্ত্রণালয়ের যথাযথ কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছি।

— আজিজ উদ্দীন আহমেদ
১নং লেকসার্কাস, কলাবাগান,
ধানমন্ডি,ঢাকা-১২০৫।